

-২-

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৬৯.২৩ নথির বিষয়: Repair & Rising of Existing Sewerage Manhole and Re-fitting of Manhole cover to Road Surface Level at DMA-317,319 & 320 Area under MODS Zone-3, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repair & Rising of Existing Sewerage Manhole and Re-fitting of Manhole cover to Road Surface Level at DMA-317,319 & 320 Area under MODS Zone-3, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৮/৮/২৩ ৪:৫৭ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন -৩ ঢাকা ওয়াসার একটি বৃহত্তর গুরুত্বপূর্ণ এবং ডিআইপি জোন। এই জোনের আওতাধীন ধানমন্ডি, এলিফ্যান্ট রোড, গ্রীন রোড, সেন্ট্রাল রোড, পান্থপথ, হাতিরপুল, নিউ মার্কেট, মানিক মিয়া এভিনিউ সহ বিভিন্ন এলাকায় মাননীয় মন্ত্রী, সচিব সহ ডি.আই.পি দেব বসবাস। উল্লেখ্য যে, অত্র এলাকায় ঢাকা ওয়াসার পয়ঃ লাইন নেটওয়ার্ক বিদ্যমান যার দ্বারা পয়ঃবর্জ্য পাগলা পয়ঃ শোধনাগারে পৌছায়। বর্ণিত এলাকায় পয়ঃ লাইনের অনেক ম্যানহোল কভার রাস্তায় কার্পেটিংয়ের নিচে ঢাকা পড়ে আছে। কিছু ম্যানহোল চেম্বার আংশিক ভেঙ্গে গিয়েছে। ম্যানহোল কভার কার্পেটিংয়ের নিচে ঢাকা পড়ার কারণে মেইনটেন্যান্স কাজকরা দূরহ হয়ে পড়েছে। ফলে পয়ঃ লাইনে বিভিন্ন ধরনের আবর্জনা আটকে গিয়ে প্রবাহে বাধা সৃষ্টি করে ওভার-ফ্লো হচ্ছে। এতে করে রাস্তায় পয়ঃ ওভার ফ্লো হয়ে জন দুর্ভোগ সৃষ্টি হয়। সে কারণে পয়ঃ লাইন সচল রাখার জন্য নিয়মিত ভাবে মেইনটেন্যান্স কাজ করতে হয়। তাই পয়ঃ লাইনের সঠিক ভাবে মেইনটেন্যান্স কাজ করার জন্য রাস্তায় কার্পেটিংয়ের নিচে ঢাকা পড়া সুয়ার ম্যানহোল মেরামত এবং কভার গুলো জরুরী ভিত্তিতে খুঁজে বের করা ও রাস্তার সমতল পর্যন্ত উঁচু করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৮/৮/২৩ ৪:৫৮ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন -৩ এর আওতাধীন ডিএমএ ৩১৭, ৩১৯ ও ডিএমএ ৩২০ এলাকায় পয়ঃ লাইনের বিদ্যমান ম্যানহোল চেম্বার ও কভার সমূহ খুঁজে বের করে মেরামত করা সহ চেম্বার সমূহ রাইজিং করে রাস্তার লেভেলে নিয়ে আসার লক্ষ্যে ঢাকা ওয়াসার সর্বশেষ অনুমোদিত রেট ও বর্তমান বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৪,৯৮,৩৫৩.৮৪৯ (চার লক্ষ আটানব্বই হাজার তিন শত তিশাল্ল দশমিক আট চার নয়) টাকা মাত্র (সংযুক্তি-৩)।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৮/৮/২৩ ৫:০০ অপরাহ্ন

আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকা ভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮-এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং- বি-১৪.২.৪ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-১)। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহ্বানের জন্য CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-০৩ দায়িত্ব পালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির চুক্তি অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ফটোকপি।

২। ক্যালকুলেশন সীট।

৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- 2 -

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৮/৮/২৩ ৫:০৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বিস্তারিত বর্ণনার আলোকে Repair & Rising of Existing Sewerage Manhole and Re-fitting of Manhole cover to Road Surface Level at DMA-317,319 & 320 Area under MODS Zone-3, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে:

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট: ৪,৯৮,৩৫৩.৮৪৯ (চার লক্ষ আটানব্বই হাজার তিন শত তিশাল্ল দশমিক আট চার নয়) টাকা মাত্র এর প্রাক্কলনটি অনুমোদন;


খ) কাজটি বিশেষ ধরনের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)- তে CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহ্বান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- বি.১৪.২.৪ এবং বাজেট বরাদ্দের “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” (কোড ০১-০৪-০০২) খাত হতে নির্বাহ করার সদয় অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।



৮/৮/২৩ ৫:২১ অপরাহ্ন
অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



৮/৮/২৩ ৬:০৮ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



৯/৮/২৩ ১২:২৬ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩




৯/৮/২৩ ১:৫৭ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সান্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১


৯/৮/২৩ ১:৫৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৯/৮/২৩ ৫:০৬ অপরাহ্ন


অনুমোদিত



৯/৮/২৩ ৫:০৭ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১০/৮/২৩ ১:২১ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১০/৮/২৩ ১:৫৭ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১০/৮/২৩ ১:৫৭ অপরাহ্ন
অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩